



S.O

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারকনং-ক/অ//

তারিখ :

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : আপনার ২৫-০৬-২০১৫ তারিখের আবেদন পত্র।(আইডি নং- ১৪৩৭)

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে এবং প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করার ও ফলাফল সন্তোষজনক শর্তে আপনার কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৫ হতে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বৎসরের জন্য বৃদ্ধি করা হলো। এর পরিশ্রেক্ষিতে আপনার কলেজের শিক্ষার্থীগণ ২০১৯ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্ন লিখিত বিভাগ ও এর অন্তর্ভুক্ত অনুমোদিত বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, আপনার কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রাক্কালে নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য বিষয় সমন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

১) আবশ্যিক বিষয় সমূহ : বাংলা ও ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) নৈর্ব্যচনিক বিষয় সমূহ :

- ক) মানবিক বিভাগ : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, যুক্তিবিদ্যা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, ইসলাম শিক্ষা।
- খ) ব্যবসায় শিক্ষা বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা, অর্থনীতি ও বানিজ্যিক ভূগোল।
- গ) বিজ্ঞান বিভাগ : পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান উচ্চতর গণিত ও ভূগোল।

### শর্তাবলী :

- ১। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- ২। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৩। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ৪। লাইব্রেরীতে বই এর সংখ্যা বৃদ্ধি সহ বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধান সমূহ সংগ্রহ করতে হবে এবং কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ৫। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

যশোর

টেলিফোন নং-০৪২১৬৮৬৩৮

প্রাপক,

অধ্যক্ষ,

ভৈরব আদর্শ মহাবিদ্যালয়

ডাক- সিদ্ধি পাশা, অভয়নগর, যশোর।

স্মারক নং-ক/অ// ৭০/১৩/১৩

তারিখ: ২০/০৬/২০১৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবলয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অফিস নথি।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

যশোর।